

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১০০

তারিখ: ২২ কার্তিক ১৪২৬

০৭ নভেম্বর ২০১৯

বিষয়: ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের এলাইনমেন্টের ২য় অংশের ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা- আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে ঢাকা জেলা ও গাজীপুর জেলার বিভিন্ন মৌজায় সর্বমোট ৫৮.২৪০১ একর (কম-বেশি) ২য় অংশের ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য আবেদন করেছেন। প্রস্তাবিত জমি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে” প্রকল্প এলাকা। প্রকল্প এলাকার দৈর্ঘ্য ১২.০০ কিমি: , মোট ৮ টি মৌজা এবং দাগ ৩৮৪ টি দাগ রয়েছে (সংযুক্তি-০১)।

প্রত্যাশী সংস্থা প্রদত্ত দাগসূচী (সংযুক্তি) ও মৌজা ম্যাপে চিহ্নিত রাস্তার এলাইনমেন্ট অনুযায়ী প্রস্তাবিত জমির বড় আশুলিয়া মৌজায় রৈঁসুরা, ঢাকা-আশুলিয়া, কাঁচা, সেমি পাকা দোকান-পাট, ফিলিং স্টেশন রয়েছে। উক্ত ফিলিং স্টেশনের পাশে ইয়ার্ড-৩ এর প্রস্তাবিত জমি অবস্থিত রয়েছে। চকবাসাইদ মৌজায় ঢাকা-আশুলিয়া রোড বিদ্যমান। জিরাবো মৌজায় টিনশেড ও সেমিপাকা দোকানপাট রয়েছে। তৈয়বপুর মৌজায় টিনশেড ও সেমিপাকা অস্থায়ী দোকানপাট, সিএনজির আংশিক জমি ও সংলগ্ন সেমিপাকা ঘর, নির্মাণাধীন ভবন ও কিছু খালি জমি রয়েছে। পূর্ব নরসিংহপুর মৌজায় ফার্গিচার দোকান, ফিলিং স্টেশন। দিয়াখালী মৌজায় টিনশেড ও সেমিপাকা দোকানপাট রয়েছে। বাইপাইল মৌজায় কলেজ, টিনশেড, সেমিপাকা ও পাকা দোকান রয়েছে। এছাড়া বাইপাইল মোড় সংলগ্ন ফলের আড়ৎ, পাকা ভবনসহ পুকুর রয়েছে। গনকবাড়ী মৌজায় অস্থায়ী দোকান, ফুটওভার ব্রীজ রয়েছে। রাজউক প্রণীত Detailed Area Plan পর্যালোচনা করে দেখা যায়, প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়ে রাস্তার সাথে জায়গা এবং ইয়ার্ড এর জন্য প্রস্তাবিত জায়গা Flood Flow Zone এবং Rural Settlement Zone এর অন্তর্ভুক্ত। এমতাবস্তায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে সরকারী প্রয়োজন ও জনস্বার্থে অত্র অধিদপ্তরের ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান করা হল।

শর্তসমূহঃ

১. প্রত্যাশী সংস্থাকে নিজস্ব পানি নিঃস্রাশনের ব্যবস্থাপনা/ পরিকল্পনা বা ড্রেনেজ ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে যেন পার্শ্ববর্তী এলাকাসমূহে জলাবদ্ধতার সৃষ্টি না হয়। বিদ্যমান বা সংলগ্ন কোন “জলাধার” ভরাট না করে সংরক্ষণ করতে হবে।
২. প্রস্তাবিত সড়কে নিরাপদ যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যাশী সংস্থাকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে Traffic Management ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।
৩. অধিগ্রহণকৃত এলাকার জনগনের পুনর্বাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৪. সাইটে ও পার্শ্ববর্তী এলাকায় বিদ্যমান সামাজিক প্রতিষ্ঠান সমূহ (স্কুল, মসজিদ, খানকাহ ও মন্দির) চলমান ভূমি ব্যবহার পরিকল্পনায় বিবচনায় নিয়ে তা পুনর্নির্মাণ/ পুনর্বাসন করতে হবে।

উল্লেখ যে, এই অনাপত্তিপত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তিপত্র ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি :

- ১। সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।


২। Layout Plan of Elevated Express Way

৩। প্রস্তাবিত জমির দাগসূচী।

৪। প্রস্তাবিত জমির গুগল ম্যাপের চিত্র।

৫। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের কপি

৬। রাজউক প্রণীত Detailed Area Plan পর্যালোচনা ম্যাপ



১১-১১-২০১৯

মাকসুদ হাসেম

সিনিয়র প্ল্যানার

মোঃ শাহাবুদ্দিন খান, প্রকল্প পরিচালক, ঢাকা- আশুলিয়া
এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প, সড়ক পরিবহন ও
সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতুভবন, বনানী,
ঢাকা-১২১২

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১০০/১(৩)

তারিখ: ২২ কার্তিক ১৪২৬

০৭ নভেম্বর ২০১৯

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



১১-১১-২০১৯

মোহসিনাত নাসরিন

প্ল্যানার